

**নিয়োগ বিজ্ঞপ্তি**

স্মারক নং- ৩৭.০১.৩৩০৫.০৩৯.১১.০০২.২৪. ২০০৭


তারিখঃ ০৩ জুন ২০২৪  
২০ জ্যৈষ্ঠ ১৪৩১

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর নিম্নবর্ণিত পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে Online- এ আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং.  | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড   | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা  |
|---|--|-----------|--|
| <b>শিক্ষক</b>   |  |           |  |
| <b>ইন্টারনেট অফ থিংস এন্ড রোবোটিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ</b> |  |           |  |
| ৩   | প্রভাষক (মেকানিক্যাল/ রোবোটিক্স)<br>বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০<br>(গ্রেড-৯) | ১         | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইন্টারনেট অফ থিংস এন্ড রোবোটিক্স ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ রোবোটিক্স ইঞ্জিনিয়ারিং/ মেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক এবং কমপক্ষে এক বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তরসহ সকল পরীক্ষায় প্রার্থীর ন্যূনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ বা ৫.০০-এর মধ্যে ৪.৫০ বা সমমানের সিজিপিএ/জিপিএ থাকতে হবে। |
|   | সর্বমোট পদঃ  | ১         |  |

**শর্তাবলীঃ**

- আগ্রহী প্রার্থীদের আগামী ২২/০৬/২০২৪ তারিখ রাত ১২.০০ টার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটেঃ <https://jobs1.bdu.ac.bd/> এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ০৩/০৬/২০২৪ তারিখ রাত ১২.০০ টার পর থেকে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে।
- প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতা সনদ, জাতীয় পরিচয়পত্র, চাকরিরত হলে কর্তৃপক্ষের অনুমতিপত্র এর মূল সনদের রসিদ স্ক্যান কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form এর নির্ধারিত অংশে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার তারিখ এসএমএস ও ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে এবং পরীক্ষার প্রবেশ পত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটেঃ <https://jobs1.bdu.ac.bd/> থেকে ডাউনলোড করতে হবে। এই মর্মে কোন ধরনের পত্র ইস্যু করা হবে না।
- সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।
- আবেদনের শেষ তারিখ হতে বয়স গণনা করা হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীদের আবেদনের সকল তথ্য সঠিকভাবে পূরণ করে অনলাইনে অর্থ মন্ত্রণালয় এর গত ১৭/০৮/২০২৩ ইং তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৩৫(১) নং স্মারক মোতাবেক পরীক্ষার ফি সংক্রান্ত উক্ত মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করে গ্রেড-৯ বা তদুর্ধ্ব পদের জন্য ৬০০/- (ছয়শত টাকা) জমা দিতে হবে (পেমেন্ট নির্দেশিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটেঃ <https://jobs1.bdu.ac.bd/> এ পাওয়া যাবে)।
- বীর মুক্তিযোদ্ধা সন্তান বা নাতি-নাতনীদেব এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে আবেদনের বয়সসীমা সরকারি আদেশ/ প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হবে।
- বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বর্জন এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/ সম্পূর্ণ পরিবর্তন / বাতিল এবং পদের সংখ্যা হ্রাস / বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।
- বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত উচ্চ ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ আবেদনের সময় অবশ্যই দাখিল করতে হবে।
- পরীক্ষার ফল প্রকাশ হয়নি এমন প্রার্থীদের আবেদনপত্র বিবেচিত হবে না।
- নিয়োগ লাভের পর প্রার্থীর প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- Online আবেদনে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে ০৯৬৬৬৭৭৫৫৩৪, ০১৫৫০০৫০৮৩৩ (IT Support) নম্বরে ফোন করে জরুরি সেবা গ্রহণ করা যেতে পারে।

  
(মুহাম্মদ আতাউর রহমান খান)  
রেজিস্ট্রার


বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

স্মারক নং- ৩৭.০১.৩৩০৫.০৩৯.১১.০০২.২৪. ২০০৭

তারিখঃ ০৩ জুন ২০২৪  
২০ জ্যৈষ্ঠ ১৪৩১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলো:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, বিডিইউ।
২. প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, বিডিইউ।
২. ট্রেজারার মহোদয়ের দপ্তর, বিডিইউ।
৪. সকল দপ্তর/বিভাগীয় প্রধান, বিডিইউ।
৫. অফিস ফাইল/ গার্ড ফাইল, বিডিইউ।
৬. সকল নোটিশ বোর্ড, বিডিইউ।

  
সেকশন অফিসার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ